



বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস

(একাডেমিক উইং অব বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন)

জীবন বীমা টাওয়ার (১৫তম তলা)

১০ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.basm.org.bd



সূত্র নং বিএসএম/প্রশাসন/১০:০১/২০২০-৪৫৮

তারিখঃ ১৫/০৪/২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

The Societies Registration Act, 1860-এর আওতায় প্রতিষ্ঠিত বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (একাডেমিক উইং অব বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন) এর নিম্নোক্ত পদে যোগ্য ব্যক্তি নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

পদের নাম, বেতন স্কেল ও বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	দায়িত্ব ও কর্তব্য
জনসংযোগ ও প্রকাশনা কর্মকর্তা ৬২০০০-৬৫৭২০-৬৯৬৬০- ৭৩৮৪০-৭৮২৭০-৮২৯৬০- ৮৭৯৩০ বয়সঃ সর্বোচ্চ ৪০ বছর পদ সংখ্যা ১ টি	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে সামাজিক বিজ্ঞান/ব্যবসা শিক্ষার যে কোন বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএ (3.0 out of 5 বা 2.5 out of 4) সহ স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রী। আর্থিক রিপোর্টিং সংক্রান্ত সাংবাদিকতা কাজে কমপক্ষে ১৫ (পনের) বছরের কাজের অভিজ্ঞতা। পুঁজিবাজারে কাজের অভিজ্ঞতা বিশেষভাবে বিবেচ্য।	একাডেমির শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কর্মসূচিসমূহের যথাযোগ্য ভাবে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে প্রচার করা। প্রত্যেকটি প্রশিক্ষণের উদ্বোধনী ও সমাপনী তথ্য প্রচার করা। মিডিয়ার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা। পুঁজিবাজার সংক্রান্ত গুরুত্বপূর্ণ সংবাদ সমূহ সংগ্রহ ও সংকলন করা। বিএসএম এর News Letter, Journal ও অন্যান্য প্রকাশনার ক্ষেত্রে উদ্যোগ গ্রহণ এবং প্রশাসনিক কার্যাবলী সম্পাদন করা। মহাপরিচালকের নির্দেশে একাডেমি সংক্রান্ত যে কোন কাজ সম্পাদন করা।
সহকারী পরিচালক (গবেষণা) ৩৬০০০-৩৮১৬০-৪০৪৫০- ৪২৮৭০-৪৫৪৪০-৪৮১৬০- ৫১০৫০ বয়সঃ সর্বোচ্চ ৩২ বছর পদ সংখ্যা ১ টি	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসা প্রশাসন/ অর্থনীতি/ পরিসংখ্যান/ সামাজিক বিজ্ঞান বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএ (3.0 out of 5 বা 2.5 out of 4) সহ স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রী। ডাটা কালেকশন, এন্ট্রি, Validation, evaluation ইত্যাদি কাজের দক্ষতা থাকা বাঞ্ছনীয়। কোন প্রতিষ্ঠানে গবেষণা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।	অর্থনীতি ও আর্থিক বাজার সংক্রান্ত তথ্য সংগ্রহ, সংকলন করা, পুঁজিবাজারে নিবন্ধিত কোম্পানিসমূহের বিভিন্ন তথ্য সংগ্রহ ও সংকলন করা। বিএসএম এর বিভিন্ন গবেষণা কাজে সহযোগিতা করা। মহাপরিচালকের নির্দেশে একাডেমি সংক্রান্ত যে কোন কাজ সম্পাদন করা।
সহকারী পরিচালক (প্রশিক্ষণ) ৩৬০০০-৩৮১৬০-৪০৪৫০- ৪২৮৭০-৪৫৪৪০-৪৮১৬০- ৫১০৫০ বয়সঃ সর্বোচ্চ ৩২ বছর পদ সংখ্যা ১ টি	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসা শিক্ষার যে কোন বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএ (3.0 out of 5 বা 2.5 out of 4) সহ স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রী। কোন সরকারি/ বেসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/আর্থিক প্রতিষ্ঠান/ শিক্ষা প্রতিষ্ঠান/পুঁজিবাজার সংক্রান্ত প্রতিষ্ঠানে কর্মকর্তা হিসাবে ৩ (তিন) বৎসর কাজের অভিজ্ঞতা।	একাডেমির শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কর্মসূচি বাস্তবায়নে মনোনয়ন প্রদানকারী প্রতিষ্ঠান ও মনোনীত প্রশিক্ষণার্থীদের সাথে যোগাযোগ স্থাপন, চূড়ান্তকৃত মনোনীত প্রশিক্ষণার্থীদের অবহিতকরণ, রেজিস্ট্রেশন, মূল্যায়ন, সার্টিফিকেট তৈরীকরণ এবং প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ তৈরি করা। একাডেমির e-learning প্ল্যাটফর্ম তত্ত্বাবধান করা এবং প্রশিক্ষণ সংক্রান্ত সকল প্রকার চিঠিপত্র ও ডকুমেন্ট সংরক্ষণ করা। মহাপরিচালকের নির্দেশে একাডেমি সংক্রান্ত যে কোন কাজ সম্পাদন করা।

□ আগ্রহী প্রার্থীদের সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি সহ আবেদনপত্র ১০ মে, ২০২৪ তারিখের মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস, জীবন বীমা টাওয়ার (১৫তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০ বরাবর পৌছাতে হবে।

□ চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কেবলমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের পরীক্ষার জন্য ডাকা হবে।

□ আবেদনপত্র প্রেরণের শেষ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়স গণনা করা হবে।

□ এ নিয়োগ বিজ্ঞপ্তি কোন কারণ ব্যতিরেকে আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

□ পরীক্ষার জন্য কোনরূপ টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

মোঃ আশরাফুল আলম

সহকারী পরিচালক (প্রশাসন)

ফোনঃ ০২-৫৭১৬১০৩৬